শ্রীধর স্বামীর জন্ম তারিখ এমনকিছু সঠিক্ নেই । বড় লোকেরা নিজের কিছু প্রমান রাখেন্না । গোবর্দ্ধন পীঠের সঙ্করার্য্য পরম্পরায় ৪জনা শ্রীধর স্বামীর নাম উল্লেখ আছে । শ্রীধর স্বামীর জন্ম সময় অনুযায়ী ইনি প্রাযত: ১১৬তম সঙ্করাচার্য্য বলিয়া অনুমান হয় । ওড়িশার ঢেঙ্কানাল জেলার কপিলাসে উহার একটা আশ্রম আছে । সেখানে সাধনা কালে তিনি শ্রীমদ্ ভগবতগীতার সুবোধিনী টীকা আর শ্রীমদ্ ভাগবতের ভাবার্থ দীপিকা টীকা লিখে ছিলেন্ । যাহাকি আজ সমগ্র বিশ্বে মান্যতা লাভ করেছে ।

শ্রীধর স্বামী বাস্তবিক্ রেমুনা অন্তর্গত ময়ুরগ্রাম নিবাসী । ইনি শ্রী নৃসিংহ দেবের উপাসক ছিলেন্ । বৈষ্ণব সন্যাসী শ্রীল পরমানন্দ পুরী থেকে রেমুনায় প্রথম দিক্ষা গ্রহন করেছিলেন্ । অতএব উহাঁ কে বিষ্ণু সম্প্রদায়ের বৈষ্ণব বলাযায় । উড়িশার ভক্ত কবি জগন্নাথ দাসের শ্রীমদ্ ভাগবত আর শ্যামানন্দ প্রকাশ থেকে জানাযায় শ্রীধর স্বামীর জন্ম ১৩০০খ্রীষ্টাব্দ থেকে ১৪০০খ্রী. মধ্যে পবিত্র মাঘ সপ্তমী তিথিতে হয়েছিল । তিনি কে বল দ্বৈতবাদ খণ্ডন করে শুদ্ধাদৈতবাদ প্রতিষ্ঠা করেছেন্ । শ্রীধর শ্রীক্ষীরোচরা গোপীনাথের অশেষকৃপা লাভ করেছিলেন্ ।

শ্রী শ্রী বলদেব বিদ্যাভূষন -

ত্রিকালদর্শী ভক্তের অবতার নিএ ঠাকুর শ্রীল শ্যামান্দ প্রভু রেমুনায় এসে শ্রী মন্দিরের সামনে দাঁড়িয়ে ভেবে ভেবে শিষ্য বেদান্তাচার্য্য বৈষ্ণব কুলের মুকুট মনি, উত্কল ভূষন শ্রী বলদেব বিদ্যাভূষনের আবির্ভাব সূচাইয়াছিলেন্ ।

শ্রীল বলদেব বিদ্যাভূষনের জন্ম ১৭৩০ খ্রী. মধ্যে পবিত্র রাক্ষীপূর্ণমাি তিথিতে হয়েছিল । শ্রীধাম রেমুনার শ্রীগোপীনাথ মন্দির সন্নিকট কুঙ্কুমশূলী মৌজার পরিক্ষিতপুর শাসনের ব্রাহ্মন পরিবারে ইনি আবির্ভাব হয়েছিলেন্ । এখন বলদেবের জন্মস্থানে গ্রাম বা বসতি নেই ; তথাপি তার জন্মভিটার নাম বলদেব বাড়ি প্রসিদ্ধি আছে। তাহার তিরোভাব প্রায়: গঙ্গাদশহরার দিনে হয়েছিল। ইনি পতি পদবী সমন্বিত যদুবেদীয় ব্রাহ্মন ছিলেন্ ।

শ্রী শ্রী বলদেব বিদ্যাভূষন পরম ভক্ত ছিলেন্ । কদাপি তাহার মনে প্রতিষ্ঠার লালসা ছিলনা । মাত্র প্রতিষ্ঠার স্বভাব ঐ জগতে বিদিত ।

যেনাইছে তার হয় বিধাতা নির্মিত বহু অমূল্য গ্রন্থ রচনা করে গৌড়ীয় বৈষ্ণবধর্মের তথা মানব জাতির মহান্ উপকার করিয়াছেন্ । শ্রীল বিদ্যাভূষেনের নামস্মরন করামাত্র তদীয় অনবদ্য কৃতী শ্রী গোবিন্দ ভাষ্য স্বত: স্মরন পথিগত হন্ ।

শ্রী বলদেব চিলিকা হ্রদের অপর পার্শ্বে বিদ্বান গনেষর বসতিস্থলে কাব্যালংকার ব্যাকরনাদি অধ্যযন করেন্ এবং তারপর মহীশূরেগিয়ে ন্যায় তথা বেদান্ত শাস্ত্রাধ্যয়ন করেন্ । তধ্যানীন্তন তত্ত্ববাদী দিগের মঠে গিয়ে তাঁদের শিষ্যত্ব গ্রহন করেন্ এবং তত্ সম্প্রদায়ভুক্ত হন্ । তারপর তিনি সন্যাসগ্রহন করে । শ্রী পুরুষোত্তম

ক্ষেত্রস্থ তত্কালীন পণ্ডিত মণ্ডলীকে শাস্ত্রযুদ্ধে পরাস্ত করে তত্ত্ববাদী মঠে অবস্থান করেন্ । কিছুকাল অন্তরে তিনি শ্রী রসিকানন্দ মুরারীর প্রশিষ্য বৈদিক ব্রাহ্মন পণ্ডিত রাধাদামোদরের নিকটে ষট্সন্দর্ভাদি গোস্বামী গ্রন্থ সমূহ অধ্যয়ন করেন্ ও গৌঢ়িয় বৈষ্ণব ধর্মের প্রতি আকৃষ্ট হইয়া শ্রীরাধা দামোদরের শিষ্যত্ব গ্রহন করেন্ । তারপর শ্রীধাম নবদ্বীপ দর্শন করে শ্রীবৃন্দাবনে উপস্থিত হন্ ।

কিছুদিন শ্রীগুরু সান্নিধ্য লাভকরে গৌটীয় বৈষ্ণব দর্শনে পারদর্শী হওয়ার আশায় শ্রী শ্রী গুরুদেবের অনুমতি প্রার্থনা করিলেন্ এবং শ্রীধাম বৃন্দাবনে শশ্মেত্ বিশ্বনাথ চক্রবর্ত্তীর নিকটে আগমন করেন্ । শ্রীল চক্রবর্ত্তী পাদ বলদেবের বিনয়, বৈরাগ্য আর স্বাধ্যাযশীল ভাব দর্শনে অতিশয় প্রীতি হয়ে তাহাঁকে নিকটে রেখে গৌড়ীয় অচিন্ত্য ভেদাভেদবাদ সম্বন্ধে শিক্ষাদিতে লাগিলেন্ । গৌড়ীয় সিদ্ধান্তের প্রতি বিশেষ আকৃষ্ট হয়ে বলদেব ভক্তমত প্রচারে আত্মনিয়োগ করিলেন্ ।

সেই সময় জয়পুর(রাজস্থান) রাজদরবারে গৌড়ীয় সম্প্রদায় সম্পর্কেশ্রী রামানুজ সম্প্রদাযের সঙ্গে এক বিরোদ্ধ উপস্থিত হইল । জয়পুরের রাজা গৌড়ীয় সম্প্রদাযের শিষ্য ছিলেন্ । শ্রীরামানুজ সম্প্রদায় রাজাকে বলেন্ - গৌড়ীয় সম্প্রদায় প্রখ্যাত চার সম্প্রদায়ের বহির্ভূত ; এবং ঐ সম্প্রদায়ের পরি পোষক কোনো স্বতন্ত্র বেদান্ত ভাষ্য নেই । অতএব এই সম্প্রদায়ের রাজা তত্ক্ষন ঐ সম্বাদ শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তী পাদের নিকটে প্রেরন করেন্ এবং স্বতন্ত্র বেদান্ত ভাষ্য সম্বন্ধে জানিবার ইচ্ছা প্রকাশ করেন্ এবং জদিথাকে অতিশিঘ্র জয়পুরে শ্রী সম্প্রদায়ে পণ্ডিতগনের সম্মুখে উপস্থাপন করিতে আহ্বান করিলেন্ । শ্রীল চক্রবর্ত্তীপাদ তখন অতিশয় বৃদ্ধ । এতদূর দুর্গম পথ অতিক্রম করে রাজদরবারে প্রবেশ অসমর্থ ছিলেন্ তাই অতিশয় চিন্তাগ্রস্থ হইলেন্ । তিনি তাঁর সুযোগ্য শিষ্য বলদেবকে

জয়পুরে পাঠালেন্ । বলদেব সকল শাস্ত্রে সুপণ্ডিত পারঙ্গম ছিলেন্ ।

শ্রীপাদ বলদেব শ্রী সম্প্রদায়ী পণ্ডিতগনকে বলিলেন - শ্রী মহা প্রভু শ্রীকৃষ্ণ চৈতন্য শ্রীমদ্ ভাগবতে অকৃত্রিম বেদান্তভাষ্যাবলে স্বীকার করেছেন্ ; তার প্রমান শ্রীল জীব গোস্বামী কৃত ষট্ সন্দর্ভ। তাতে শ্রী সম্রদায়ী পণ্ডিতগন আপত্তিতুলিলেন্, সাক্ষাত্ বেদান্ত ভাষ্য ব্যতীত আমরা আর কোনো প্রমান গ্রহন যোগ্য মনে করিনা । তাতে শ্রীপাদ বলদেব বিষর্ষ্ণ মানসে কোনো উপায় না দেখিয়া তাদিকে স্বতন্ত্রভাষ্য দেখাইবেন্ বলিয়া প্রতিশ্রুতি দিলেন্ । বিষর্ষ্ণ মানসে শ্রী গোবিন্দ জীউর মন্দিরে এসে শরনাপন্ন হইয়া দু:খ নিবেদন করিলেন্ । সকল দু:খ হারী শ্রী গোবিন্দ রাত্রি শেষে বললেন্ - হে প্রিয় বলদেব; তুমি নূতন করে বেদান্ত ভাষ্য রচনা কর । তাহা আমার সম্মত ভাষ্য হইবে । কেউতাকে অগ্রাহ্য করিতে পারবেনা । আবার পুনরাদেশ করিলেন্ কুরু কুরু । মাত্র শ্রীপাদ বলদেব এই অস্পষ্ট শব্দ পাইয়াও তথায় পড়ে রইলেন্ । আবার আদেশ হইল - কুরু কুরু তবভবিষ্যতি । এবারও বলদেব সংশয়াচ্ছন্ন চিত্তে পূর্ববত্ পড়ে রহিলেন্ । আবার পুনরাদেশ হইল - ব্রহ্ম সূত্রানি ব্যাক্ষে, তদ্ভাষ্যং তে সেত্স্যতি । এবার শ্রীপাদ বলদেব শ্রী গোবিন্দের আশীর্বচন স্পষ্ট শুনতে পারিলেন্। আদেশ পেয়ে তত্ক্ষনাত্ সেইস্থানে বসে শ্রীগোবিন্দের শরনাপন্ন হইয়া ভাষ্যরচনা করিয়া শ্রী গোবিন্দর শ্রীচরনে উত্সর্গ করিলেন্ আর শ্রীগোবিন্দের ইচ্ছানুযায়ী লিখিতে আরম্ভ করিলেন্ । শ্রীগোবিন্দ পাদপদ্ম ধ্যান করে এক মাসের মধ্যে সমগ্র ব্রহ্মসূত্রের শ্রীগোবিন্দ আশীর্বাদপূত ভাষ্য রচনা করিলেন্ । জয়পুরের গলতা নামক স্থানে এই ভাষ্য রচনা সম্পূর্ণ হৈল । এই ভাষ্যের নাম হল শ্রীগোবিন্দ ভাষ্য । তাতে শ্রীগোবিন্দর স্বাক্ষর ছিল । শ্রী সম্প্রদায়ী পণ্ডিত গন এই ভাষ্যের নতমস্তকাবনত করেছিলেন্ এবং শ্রীপাদ বলদেব বিদ্যাভূষন

উপাধিপ্রাপ্ত হইলেন্ এবং গৌড়ীয় বৈষ্ণব জগতে বিজয় ধ্বজা উড়াইলেন্ ।

শ্রী সম্প্রদায়ী অনেক পণ্ডিত শ্রীপাদ বলদেব বিদ্যাভূষনের শিষ্যত্ব গ্রহন করিবার ইচ্ছা প্রকাশ করিলেন্ মাত্র বলদেব কাহাকেত শিষ্য রূপে গ্রহন করিলেন্না । এই ভাষ্য শ্রী শ্রী চৈতন্য মহাপ্রভুর অচিন্ত্য উদভাবের উপর আধারিত । শ্রীপাদ বলদেব শ্রী শ্যামানন্দ প্রভুর ৪র্থ অধস্তন এবং শ্রীরাধা মোহন গোস্বামীর শিষ্য হন্ ।

শ্রীপাদ বলদেব বিদ্যাভূষন আরও ২৪খানি গ্রন্থ রচনা করিয়াছিলেন্ । বিশ্ববিখ্যাত্ শ্রী সম্প্রদায়ী পণ্ডিতগনের দ্বারা বিদ্যাভূষন উপাধি ভূষিত এই কৃতী সন্তান কে ওড়িশা চিন্তে পারেনাইঁ । এই পরম পরিতাপের বিষয় ।

শ্রী শ্রী রসিকানন্দ প্রভু -

ওড়িশার সৌভাগ্যাকাশে অজ্ঞান তমোনাশনকারী ভাস্কর রূপে শ্রীল রসিকানন্দ প্রভুর অভ্যুদয় হয় খ্রী.১৫৯০ কার্ত্তিক শুক্লা প্রতিপদতিথি রবিবারে । সুবর্ণরেখা নদীর তটবর্ত্তী রোহণী গ্রামে শ্রী অচ্যুতানন্দ দেব পট্টনাযক নামে জনৈক সম্ভ্রান্ত করন বংশীয় জমিদারের সুপুত্র হন্ । মাতার নাম ভবানীদেবী । বাল্যনাম ছিল রসিক মুরারী ।

রসিক মুরারী বাল্যকাল থেকে কৃষ্ণভক্ত ছিলেন্ । উহার হরেকৃষ্ণ মন্ত্রদাত্রী ছিলেন দয়াল দাসী । শিক্ষক বাসুদেবের কাছে বিদ্যা শিক্ষা করেন্ । শ্রী জগন্নাথ মিশ্র এবং হরিদুবের কাছে থেকে ভাগবত শিক্ষা করেন্ । রসিকের মন জমিদারীতে ততটা লাগিতনা । পিতা হিজলী(মেদনাপুর)র জমিদার শ্রী বলভদ্র দেবের কন্যা ইচ্ছামতীর সঙ্গে বিবাহ করাইয়া দিলেন্ । পিতার আদেশমতে রসিক মুরারী ঘণ্টশিলার জমিদারী দেখাশুনা করিতেন্ । তখন্ তার বয়স

মাত্র ১৮বচ্ছর । তথায় তিনি স্বপ্নাদেশ পেয়ে শ্যামানন্দ প্রভুর অপেক্ষায়ছিলেন্ । এবং শ্যামানন্দ প্রভুর থেকে কৃষ্ণ মন্ত্র দীক্ষা গ্রহন করিলেন্ । তারপর রসিক মুরারী শ্রীধাম বৃন্দাবন গেলেন্ । বৃন্দাবন হইতে ফিরে রসিক স্ত্রীপুত্র কে নিয়ে গোপীবল্লভপুরে রেখেছিলেন্ ।

গুরুদেবের নির্দ্দেশমতে রসিকানন্দ ময়ুরভঞ্জে ধর্ম প্রচার করিতে গেলেন্ । ময়ুরভঞ্জের তত্কালীন মহারাজা বৈদ্যনাথ ভঞ্জকে শাস্ত্রালোচনায় পরাস্ত করিলেন্ । তাতে রাজা এবং রাজভ্রাতা রসিকানন্দের শিষ্যত্ব গ্রহন করিলেন্ । দীক্ষা গ্রহন করে তার এবং শ্রীকৃষ্ণের একটি সুন্দর বিগ্রহ রসিকানন্দ প্রভুকে তথায় প্রাপ্তি হইল । শ্রীল শ্যামানন্দ প্রভু ভক্ত বিগ্রহের নাম শ্রীগোপাল বল্লভ রাখিলেন্। এখন্ এই বিগ্রহ শ্রীপাট গোপীবল্লভপুরে রাধারানীর সঙ্গে পূজিত হইতেছেন্ ।

জঙ্গলের পথে একদা শিষ্যদের সঙ্গে যাবার সময় এক মত্ত দুর্দ্দান্ত হস্তীকে কৃষ্ণমন্ত্র প্রদান করিয়া শান্ত করেছিলেন্ এবং উহার মাধ্যমে অন্য ভক্তগনের সঙ্গে নদীতে যাবার সময় নৌকাটি ভারসাম্য হারিয়ে ওলটে পড়িল । মাত্র তাহার নির্দ্দেশে হরিবোল ধ্বনিতে সব্ ভক্তরা বেঁচে গেলেন্ ।

গ্রীষ্ম কালে উহার আদেশে জলেরধারা ঘাটের কাছে আসত । তথা বিষম বৃষ্টি ও বাতাস ও উহার আদেশে থেমে যাইত । ইনি গুরুর আদেশে ময়ুরবঞ্জের রাসউত্সব সমাপন করিয়া শিষ্যদের গহনে উত্কলে হরিনাম প্রচারে এসে ছিলেন্ । এখান্কার তত্কালীন সুবেদার অহম্মদবেগের আদেশে এক বন্য মত্তহস্তী কে আয়ত করে নিজের ক্ষমতা জানাইয়াছিলেন্ । রাসগোবিন্দপুরে বালিআর দুর্দ্দান্ত জমিদার ভূয়াঁ কে দীক্ষা প্রদান করিছিলেন্ । তারপর নীলাচলে যাবার পথে রেমুনা তে পোঁচে গোপীনাথ কে নাদেখে ম্রিয়মান হয়েছিলেন্ ।

আবার ওই রাত্রিতে গোপীনাথ উহাকে স্বপ্নাদেশ করিলেন্ লোকেরা উহাকে চণ্ডীদেবী আখ্যাদিয়ে পূজা করিতেছেন্ । তাদের থেকে উদ্ধার করে এনে স্নান মার্জনাদি করারপর জানাগেল ইনিই শ্রীগোপীনাথ । তাই এই বিগ্রহের পুন: প্রতিষ্ঠা করাহইল ।

মুরারীর আদেশে উহার শিষ্য ময়ুরভঞ্জের রাজা রঘুনাথ ভঞ্জ এখনকার মন্দির নির্মান করাইয়াছেন্ । কেন্দুঝরের রাজা এবং তিহিড়ির সামন্তরাজা তথা বালেশ্বরের কয়েকজন জমিদার ঐ কাযে সাহার্য্যে করিছিলেন্ । মুরারীজী এদের সাহায্যে বৃন্দাবন থেকে শ্রীগোবিন্দ জীউকে এনে স্থাপন করার পর শ্রী নীলাচল গিয়েছিলেন্ ।

একবার রথযাত্রার সময় রসিকানন্দ শ্রীধাম নীলাচল যাইতেছিলেন্ । পথে বিলম্ব হইল । তাই জানতেপারে শ্রীজগন্নাথ দেবের রথ পথে আটকে গেল । দৈব আদেশ পেয়ে গজপতি মহারাজা রসিকানন্দকে আঠারনলা থেকে সম্বর্দ্ধনা করে নিয়ে গেলেন্ রসিকানন্দের করস্পর্শ মাত্রে রথ পূর্ব্বত চিলিল । মহারাজার ফুলতোটা এখন্কার কুঞ্জমঠ সন্নিকট স্থানে গজপতি মহারাজাকে স্বপ্নাদেশ ক্রমে শ্রীক্ষীরিচোরা গোপীনাথের দায়িত্ব মহারাজাকে প্রদান করিলেন্ ।

শ্রীল শ্যামানন্দ প্রভু -

বর্ত্তমান পশ্চিম বঙ্গের মেদিনীপুর জেলার খড়গপুর থেকে ৩কি.মি.দূরে ধারেন্দাবাহাদূরপুর গ্রামে ১৪৫৬ শকে ১৫৩৪ খ্রীষ্টাব্দে চৈত্র পূণর্নিমা তিথীতে জন্ম হয়েছিলেন্ । পূর্বে ওই গ্রাম উত্কলে ছিল । পিতার নাম শ্রীকৃষ্ণ মণ্ডল । মাতার নাম দ্বারীকাদেবী ।জন্ম নাম ছিল দুখিআ । ইনি জাতিতে গোপল ছিলেন্ । দুখিআর জন্মের

পর পিতা দণ্ডেশ্বর গ্রামে বসতি করেন্ । তাও তখন্ উত্কলে ছিল।

শ্রী হৃদয় চৈতন্য ঠাকুর থেকে দোল পূর্ণমির দিন দুখিআ দীক্ষা গ্রহন করিলেন্ । দীক্ষা নাম হইল দুখিকৃষ্ণ দাস । শিক্ষাগুরু শ্রীল জীব গোস্বামী নির্দ্দেশে ইনি সেবার অধিকার পেয়েছিলেন্ । একদা কুঞ্জস্থল মার্জনরত সময়ে শ্রীরাধারানীর বাম পায়ের নুপুর পেয়েছিলেন্ । ললিতা সখী তার নাম রাখিলেন্ শ্যামানন্দ । বিশাখা সখী তার পূর্ব পরিচয় জানাইয়া তার পূর্বনাম কনকমঞ্জরী ছিল বোলিয়া জানাইলেন্। সখী ললীতা এর ললাটের তিলকে বিন্দু (নুপুরের সঙ্কেত) স্বয়ং দিয়েছিলেন্ । তার আদেশ শ্যামাইনন্দ প্রভু ওড়িশায় বৈষ্ণব ধর্ম প্রচার করিতে এসেছিলরন্ । ইনি দুটি বাঘকে হরিনাম দিক্ষা প্রদান করেছিলেন্ । বৃন্দাবনের শ্রী মদন গোপালের স্বপ্নাদেশ পেয়ে পূর্বের রসিক মুরারীকে শ্যামানন্দ প্রভু শিষ্য রূপে গ্রহন করেছিলেন্ ।

রসিকানন্দের বন্ধু দামোদর পণ্ডিতকে হারাবার পর সপরিবার উহার শিষ্যত্বগ্রহন করিলেন্ । উহার ১৩জনা শিষ্যের মধ্যে একজনা নারী শিষ্যত্ব গ্রহন করে ছিলেন্ । শ্যামানন্দ প্রভু শিষ্য রসিকানন্দ এবং দামোদর কে হরিনাম, ভক্তিধর্ম প্রচারে আদেশ দিয়েছিলেন্ । প্রভুশ্যামানন্দ জীবনের অন্তিম কালে নিজের ৩পত্নীকে একত্র করিয়া কৃষ্ণ নাম কীর্ত্তনে কালাতিপাত করিতেছিলেন্ । হরিপ্রেমে উহার শরীরে সাত্ত্বিক বিকার স্মৃত: হইতেছিল ।

শ্যামসুন্দরপুরে নিজের গুরুদেব শ্রীল হৃদয চৈতন্য ঠাকুরের আরাধনা উত্সব শেষে শ্যামানন্দ প্রভু গোবন্দিপুরকে গেলেন্ । অন্তিম সময় সন্নিকট জানিয়া শিষ্য রসিকানন্দ প্রভুকে উত্কলে প্রভু মহিমা প্রচার ও কীর্ত্তেনর ইচ্ছা জানাইতে তারা নৃসিংহপুরকে আসিলেন্ । সেখানে দীর্ঘ ৪মাস ধরে শরীর অসুস্থ হইল । আরও

শারিরীক স্বাস্থ্যবস্থার উন্নতি হইলনা । সেখান থেকে কানপুরকে বিজয়করে রেমুনাতে শ্রীক্ষীরচোরা গোপীনাথ দর্শনে আসিলেন্ । সেখানে কিছুকাল অবস্থান করে পুন: নৃসিংহপুর ফিরে গেলেন্ ।

নৃসিংহপুরে ১৫৫২ শকে অর্থাত্ ১৬৩০ খ্রীষ্টাব্দে শ্রীজগন্নাথ দেবের পবিত্র স্নান পূর্ণমিার পরদিন কৃষ্ণ প্রতিপদা তিথিতে নিত্যলীলা প্রাপত হইলেন্ ।

নৃসিংহপুরের জমিদার শ্রী উদ্দণ্ড রায় ভূঁয়া গৃহে শিষ্যদের সঙ্গে অসম্ভব সংকীর্ত্তন লীলা করেছিলেন্ । ঠাকুরের দ্বাদশ বিশিষ্ট শিষ্যদের থেকে দ্বাদশ শাখার উদভব হইল । এদের মধ্যে শ্রেষ্ঠ ছিলেন্ শ্রী রসিকানন্দ দেব গোস্বামী ।

সুবর্ণরেখা নদীর তটদেশে শ্রীপাট গোপীবল্লভ পুরে শ্যামানন্দ সম্প্রদায়ের প্রধান কেন্দ্র স্থাপন করেছেন্ । তারপর থেকে উড়িশার ধর্ম সংস্কৃতি ক্ষেত্রে দীর্ঘদিন ধরে এর প্রভাব বিস্তার হইতেছে।

প্রভু শ্যামানন্দ যে কেবলই ধর্ম প্রচারক তা নয় । এক ধারে তিনি বিখ্যাত গায়ক, কবি এবং বংশীবাদক ছিলেন্ ।

●●●

পঞ্চম অধ্যায়

সপ্তশরা নদী -

প্রথম অধ্যায়ে এই নদীর সম্পর্কে বর্ণনা হয়েছে । তবুও এই অধ্যায়ে কিছু বর্ণনা করা আবশ্যক ।

ভগবান শ্রীরামচন্দ্র বনবাসের লীলা অন্তিম পর্য্যায়ে লঙ্কাধীস্বর রাবন্ কে সবংশে উদ্ধারকরে অযোদ্ধা প্রত্যাবর্ত্তন কালে সন্ধ্যা আগত জানিয়া এক রমনীয় স্থান দেখে রাত্রি যাপন করিবার মনস্থ করিলেন্ । শ্রী সীতাদেবী সেইখানে রজস্বলা হইলেন্ । চতুর্থ দিবসে সীতাদেবীর নদী স্রোত আবগাহন করিবার ইচ্ছা জাগিল । (শুদ্ধ স্নানের পর স্ত্রীর দৃষ্টি প্রথমে স্বামী পতিদেবে উপরে আর দেবতার উপর সম্পাত হইবার বিধান হিন্দুশাস্ত্রে তে রয়েছে) মাত্র সেখানে কোনো নদী কিম্বা জল প্রবাহ ছিলনা । তখন ভগবান শ্রীরামচন্দ্র আপনার ধনুতে সপ্তবার শর সংযোজন করিয়া সেখানে কোনো এক স্থানে ভূমি ভেদ করিয়া নদীর আকার করাইয়া দিলেন্ । এই নদীর নাম সপ্তশরা নদী । ত্রেতা যুগের থেকে ওই রমনীয় স্থানের নাম পারিভাষিক শব্দে রমনা বা রেমুনা হয়েছে । সপ্তশরা নদী শ্রীগার্গেশ্বর মহাদেব মন্দির সন্নিকট

আম্রকুঞ্জ পাশ্র্ববর্ত্তী নিম্ন ভাগ হইতে পূর্ব দিকে প্রবাহমান ছিল। এখন আর পূর্ববত্ ধারা প্রবাহ নাই। অদ্যাবধি সপ্তশরার জলবিহীন ধারার অবশেষ মাত্র স্থানে স্থানে রয়েছে। অদ্যাপি ঐ স্রোতহরা সপ্তশরার তটস্থিত আম্র কদম্ব বৃক্ষদের অধোভাগে অর্দ্ধনিশীথে শ্রীগোবীনাথের মধুর মূরলী নাদ শুনাযায়। লোকমুখে শুনাযায় - একদা জনৈক ভক্ত সপ্তশরা নদীতীরস্থ বৃক্ষ মূলে শ্রীগোপীনাথের বংশী পেয়ে শ্রীগোপীনাথকে অর্পন করেছিলেন্।

অতিশয় সংকীর্ণ্ণ এই সপ্তশরা একটি ঝরনায় রূপান্তরিত হয়ে শিংলা গ্রামের উত্তর দিকে অবস্থিত হয়েছে। লোকমুখে এর নাম এখন বরুনেইনাল হয়েছে। এই পবিত্র ভূমি রেমুনা গুপ্তবৃন্দাবন এবং বরুনেই নাল ই পূর্বকথিত সপ্তশরা যাকে যমুনা ভাবে ভক্তগন আখ্যায়িতকরেন্। এইত গুপ্তবৃন্দাবন আর এই যমুনা কৃষ্ণভক্তির ধারা প্রবাহ যেকি সমস্ত ভক্তদিকে শ্রীকৃষ্ণ চৈতন্য সংস্কৃতিতে মজ্জাইয়া পবিত্র আর কৃতকৃত্য করিতেছে।

শ্রী শ্রী রামচণ্ডী -

শ্রী গোপীনাথের মন্দিরে পশ্চিম দিকে শ্রীপাদ মাধবেন্দ্র পুরী পাদের স্থূল সমাধি সন্নিকট সিদ্ধাশ্রমের দক্ষিন পার্শ্বে শ্রী শ্রী চণ্ডীমাতার মন্দির বিদ্যমান। বর্ত্তমান মায়ের নাম শ্রীরামচণ্ডী প্রসিদ্ধিলাভ করেছে।

প্রথমে মাতার নাম চণ্ডী ই ছিল্। ত্রেতা যুগে ভগবান শ্রীরামচন্দ্রের সেবাপূজার পর রামচণ্ডী নাম হয়েছে।

কঠোপ নিষদে উক্ত আচ্ছে মহান্ ভয়ং বজ্রমুদ্যুতম্। অর্থাত্ উদ্যদ ভয়ের ন্যায় তিনি ভয়ঙ্কর। তার ভয়ে সূর্য্য উদিত হন্। অগ্নি

প্রজ্জলিত এবং পবন প্রবাহিত হন্ । মহাকাল যম ও ভয়ে কাম্পে । বৃহ্মের এই ভয়ঙ্করী শক্তি চণ্ডী । চণ্ডীর অর্থ কোপনয়ী ।

বৃহ্মের শরনাগত গো বিপ্রাসুর ভক্তজনে সসাগরা ধরিত্রী আদি যখন্ আসুরিক শক্তির আঘাতে রক্ষার্থ কাতর আবেদন চ্ছলে আহ্বান করেন্ তখন্ বৃহ্মের শক্তি ভযঙ্করী মূর্ত্তি ধারণ করেন্ তখন্ তিনি হন্ চণ্ডীকা । তিনি একাধারে বৃহ্মের জ্ঞানশক্তি, ইচ্ছাশক্তি এবং ক্রিয়াশক্তি হন্ । ঐ ত্রিবিধ প্রকাশময়ী মূর্ত্তিরনাম মহাকী, মহালক্ষ্মী এবং মহাসরস্বতী ।

শ্রীরাম চন্দ্র ভগবানের অত্র আগমন বহুপূর্বে ইনি বিরাজিত ছিলেন্ । চণ্ডীমাতা এখন্ অত্যন্ত রক্ত লোলুপা, বলিপ্রিয়া এবং উগ্রচণ্ডী ছিলেন্ । তার সামনে দিয়ে কোনো গর্ভবতী নারী অথবা গো মহিষাদির গমনা গমন করিতে পারেন্না । ততক্ষনাত্ তারা মৃত্যুনুখে পতিত হইতেন্ । তাই জনগন অতিশয় ত্রস্ত হইয়া শ্রীগোপীনাথে চরনে কাতর প্রার্থনা করেন্ । পরম দয়ালু শ্রীগোপীনাথ করুনা করিয়া চণ্ডীমাতার পূজক ব্রাহ্মনকে স্বপ্নে আদেশ করিলেন্ - "ব্রাহ্মন ! কাল অতি প্রত্যুষে শয্যা ত্যাগ পূর্বক স্নানাদি নিত্যক্রিয়া সমাপন পূর্বক আমার শ্রীমন্দিরে এস । আমার নিবেদিত পুষ্পমাল্য এবং প্রসাদ লয়ে চণ্ডী দেবীকে অর্পন কর ।" শ্রী গোপীনাথের আদেশে দেবী পূজক ব্রাহ্মন মন্দিরে এসে প্রভুর নিবেদিত প্রসাদী মালা এবং মহাপ্রসাদান্ন নিয়ে চণ্ডীমাতাকে নিবেদন করিলেন্ । সেইদিন থেকে চণ্ডীমাতা পরমাবৈষ্ণবী হইলেন্ । অদ্যাবধি শ্রীগোপীনাথের নিবেদিত প্রসাদান্নের কিয়দংশ প্রত্যেহ চণ্ডীমাতার উদ্দেশ্যে নিবেদন করাহইতেছে ।

শ্রীমন্ মহাপ্রভুর পরমগুরু শ্রীপাদ মাধবেন্দ্র পুরী গোস্বামীর পবিত্র মহানির্বান তিথিতে একটি আলৌকিক ঘটনার অবতারনা করিতেছি । সিদ্ধ মহাত্মা শ্রীল শ্রীরাধারমন চরন দাস বাবাজী মহারাজের আশ্রিত শ্রীল শ্রীরামদাস বাবাজী মহারাজের প্রশিষ্য কোলকাতা নিবাসী পরমভক্ত রাজর্ষি প্রতিম শ্রী রবিন্দ্র নাথ রাহা মহোদয় বহু বৈষ্ণব তীর্থ সংস্কারক ছিলেন্ । বহু অর্থ ব্যয়ে তিনি শ্রীল পুরীপাদের স্থূল জীর্ণ সমাআরি সুসংস্কার করাইয়া ছিলেন্ । তদুপলক্ষে শ্রী শ্রী চণ্ডী মন্দির সংলগ্ন শ্রীপুরী পাদের সমাধি চত্ত্বরে চবিশ প্রহরব্যাপী শ্রীনাম যজ্ঞমহোত্সব মহাসমারোহে চলিতেছিল্ । সেই সময়ে শ্রীচণ্ডীদেবীর মন্দিরের কপাট বন্দ ছিল ।

শ্রীল পুরী পাদের তিরোভাব মহোত্সবলক্ষে রবীন্দ্র্ রাহা মহাশয়ের সঙ্গে বঙ্গ দেশ থেকে বহু মহিলাভক্তও এসেছিলেন্ । তাদের মধ্যে কোনো এক সৌভাগ্যবতী মহিলার শুদ্ধ অন্তরে চণ্ডীমাতার আবির্ভাব হইল । তার মুখ দিয়ে শ্রী চন্ডীদেবী বলতে লাগিলেন্ - "এই শ্রী নাম যজ্ঞের মুহূর্ত্তে আমার মন্দিরের কপাট রুদ্ধ কেন হয়েছে । জগন্মঙ্গল হরিনাম শ্রবনে আমায় বঞ্চিতকর কেনো ?" ঐ প্রত্যাদেশ শুনে চণ্ডীদেবীর নিত্যপূজক কে সম্বাদ দেওয়ায় পূজক রুদ্ধ দ্বার উন্মোচন করিলেন্ । তারপর চণ্ডীমাতার প্রত্যাদেশ বন্দ হলেন্ ।

উত্সবের অনুষ্ঠাতা শ্রী রবিন্ রাহা মহাশয় আপনাকে পুরী সৌভাগ্যবান্ মনেকরে বিবিধ উপহার তথা ষোড়শ উপচারৰে চণ্ডী মাতার আরাধনা করলেন্ ।

সপ্তশরা নদীতে নিত্যসুদ্ধা সীতাদেবী স্নানন্তর নৈসর্গীক সুদ্ধা হইলেন্ । শ্রীরাম চন্দ্র উক্ত রমনীয স্থানের গ্রামদেবী চণ্ডীদেবীর পূজা শ্রদ্ধা সহিত করেন্ । তদবদি শ্রীচণ্ডী মাতার নাম শ্রীরামচণ্ডী বলে প্রসিদ্ধি লাভ করেছে ।

●●●

ষষ্ঠ অধ্যায়

শ্রী গর্গেশ্বর মহাদেব -

পুরান প্রসিদ্ধ তীর্থগনের মধ্যে শ্রী গার্গেশ্বর মহাদেবের পবিত্র পীঠস্থল অন্যতম । এই স্থানে পুরান্ প্রসিদ্ধ মহামুনি গর্গের পবিত্র আশ্রম ছিল । এই গর্গমুনি বৃষ্ণিংশের পুরোধা এবং ভগবান শ্রীকৃষ্ণের নামকরন করেছিলেন্ । তিনি শ্রীকৃষ্ণ লীলার প্রত্যক্ষদর্শী ছিলেন্ এবং ঐ লীলার চাক্ষুষ বিবরণ লিখেছেন্ যার নাম হয় "শ্রী গর্গসংহিতা" ।

পূর্বে ঋষিমুনিদের আশ্রমে থাকিয়া তত্কালীন ছেলেরা ব্রহ্মচর্য্য পালন, বেদাদি বিদ্যাধ্যয়ন করিয়া দেশের রীতিনীতি শিক্ষা করিতেন্। যিনি এইমতন ১০হাজার বিদ্যার্থী দের গ্রাসাচ্ছাদনাদি দিয়ে অধ্যাপনা করাইতেন্ তাহাঁকে "কুলপতি" বলাহয় ।

এইখানেও গর্গমুনির আশ্রমে প্রত্যেহ যজ্ঞাহইত । জজ্ঞ ধূমে গগন পূরে উঠিতেছিল এবং বেদমন্ত্র তথা গাযত্রীমন্ত্র নাদে গগন পবন ঝঙ্কৃত হইতেছিল ।

মহামুনি গর্গ প্রতিদিন এই স্থানে ধ্যান করেন্ । হঠাত্ একদিন ইনি এক অত্যাশ্চর্য্য দৃশ্য দেখিয়া বিস্ময় হইলেন্ । তাহার দৃষ্টি এই দৃশ্যের উপর নিবন্ধ রহিল । একটি পয়স্বিনী গাভী প্রতিদিন এসে একটি নিদ্দিষ্ট স্থানে দাঁড়াইয়া থাক্ত এবং স্বত:স্পুর্ত্তদুগ্ধ ধার ক্ষরন হইত ।

এইমত কতদিন ব্যতীত হইল । গর্গমুনির মনে প্রবল কৌতুহল জাগিল । তত:পর তিনি সেই স্থান খনন করিলেন্। খনন করিতে তিনি এক অদ্‌বুত শক্তি সমন্বিত লিঙ্গ মূর্ত্তী দর্শন করিলেন্। এই মূর্ত্তী আবিষ্কার করে তিনি বিস্ময় বিমুগ্‌ধ হয়ে ভক্তি গদ্ গদ্ হৃদয়ে প্রনতি করে শিবস্তুতি পাঠ করিতে লাগিলেন্ ।

প্রেমাবিষ্ট হৃদয়ে হরিহর অভিন্ন মূর্ত্তীর দীর্ঘকাল পর্য্যন্ত আরাধনা করিতে লাগিলেন্ । মহামুনি গর্গের দ্বারা আবিষ্কৃত এবং সংপূজিত এই মহাদেব গর্গেশ্বর নামে প্রসিদ্ধলাভ করিলেন্ ।

পরে বালেশ্বরাধীশ্বর পুরান প্রসিদ্ধ নিষ্ঠাবান্ শিবভক্ত বানাসুর গর্গমুনি আবিষ্কৃত শ্রীগর্গেশ্বর মহাদেবের মন্দির নির্মান করিয়া পূজার্চ্চনার বিধিবদ্ধ ব্যবস্থা করাইলেন্ । মহাদেবের স্থায়ী পূজার্চ্চনা র যেন ভবিষ্যতে কিছুই বাধা নাহয় সেজন্যে পূজারী এবং সেবা পরিচালন নিমিত্ত আম্রবৃক্ষ বেষ্টিত বিশাল ভূখণ্ড প্রদান করিলেন্ । মহাদেবের মহাস্নান নিমিত্ত এক প্রকাণ্ড দির্ঘিকা (স্নানকুণ্ড) খনন করেছেন্ । নিত্য ভোগরাগের জন্যে শিবোত্তর স্বরূপ যস্যোত্‌পাদন যোগ্য প্রচুর ভূমি দান করিলেন্ । অদ্যাবধি সেইসব সুব্যবস্থা পূর্ববত বিদ্যমান আছে । প্রতিবচ্ছর শিবরাত্রি মহোত্‌সব মহাসমারোহে পালন করাহইতেছে । শ্রী গর্গেশ্বর মহাদেব বড় প্রত্যক্ষ । আশুতোষ এবং ভক্তের মনোবাঞ্ছিত ফল প্রদান করিতেছেন্ । অত: প্রত্যহ এই পবিত্র স্থানে অনেক অর্থী, প্রার্থী জ্ঞানী যোগী আদি ভক্তগনের সমাগম হইতেছে ।

কিম্বদন্তী থেকে জানাযায়, পরম শিব ভক্ত বানাসুর বালেশ্বর জেলার ৫প্রসিদ্ধ শিব মন্দির নির্মান করিযাছেন্ । রেমুনা গোপীনাথ ধামে গর্গেশ্বর, বালেশ্বরে বাঁকা খজুরে বক্রেশ্বর, সেরগড় গ্রামে খেজুরেশ্বর, বর্দ্ধনপুরে মণিনাগেশ্বর এবং পুরান বালেশ্বরে বানেশ্বর তাহাঁর অম্লান কীর্ত্তি অদ্যাবধি বিরাজমান । প্রত্যহ প্রাত: স্নানন্তার বানাসুর এই পঞ্চলিঙ্গ মহাদেব দর্শন করিয়া পানাহার করিতেন্ । বানাসুরের গড়(রাজপ্রসাদ) উত্তরে বালাঙ্গী নদীর তেমুহান স্থানে ছিল । বানাসুরের কন্যা উষা প্রত্রিদিন শিব পূজন নিমিত্ত শ্রী গর্গেশ্বর মহাদেব দর্শেনে আসিতেচিল । সেজন্যে বানাসুরের প্রসাদ (অধুনা ডিহিসাহি) থেকে বলাঙ্গী নদীর তটদেশ থেকে শ্রী গর্গেশ্বর মহাদেব পীঠ পর্য্যন্ত একটি রাস্তা নির্মান করেছিলেন্ । এখন্ কাঁটাঝাঁটা পূর্ণ্ণ লম্বমান রেখার ন্যায় উক্ত রাস্তার অবশেষ অনাবাদীর প্রায় পড়েরয়েছে । এই রাস্তাই বানাসুরের অতীত স্মৃতির স্মারকী রূপে পড়েআছে ।

●●●

সপ্তম অধ্যায়

শ্রীশ্রী অষ্টাদশ ভূজা (মহালক্ষ্মী) দুর্গা -

ওঁ সর্ব রূপময়ী দেবী দেবীময়ং জগত্
অতোঅহং বিশ্বরূপাং তাং নমামি পরমেশ্বরীম্ ।।

ওঁ যা দেবী সর্ব ভূতেষু মাতৃ রূপেন সংস্থিতা
নমস্তস্মৈ নমস্তস্মৈ নমস্তস্মৈ নমোনম: ।।

ওঁ সর্ববাধা প্রসমনং ত্রৈলোক্যে স্যাখিলেশ্বরী
এব মেব ত্বয়া কার্য্য মস্মদ বৈরী বিনাশনম্ ।।

বালেশ্বর জেলার পরমবৈষ্ণব ধাম শ্রীক্ষিরচোরা গোপীনাথে বিজয়স্থলী রেমুনা ব্যতীরেকে অন্যতম বৈষ্ণবক্ষেত্র পরম বৈষ্ণবী অষ্টাদশ ভূজা দূর্গার অনুপম লীলাস্থলী বিদ্যমান । রেমুনা বাজার থেকে

২কি.মি. উত্তরে লালপাটনা পঞ্চায়তের কোট পুকুরের পশ্চিম তটে এই ক্ষেত্র অবস্থিত ।

পরম ভক্ত বৈষ্ণব হরি গোলাম দাসজী মহারাজ এখানে সর্বশক্তিমান শ্রীজগন্নাথ মহাপ্রভু আর শক্তিময়ী মা"দুর্গাকে প্রতিষ্ঠিত করিয়া একাধারে শক্তি আর ভক্তির অপূর্ব সমন্বয় করাইয়াছেন্ ।

ঐ কোটপুকুর উত্কল সম্রাট লাঙ্গুলা নরসিংহদেবের মহিষীর দ্বারা মহারাজের আজ্ঞাতে খনন হয়েছিল । তাই তার স্বরূপ নাম করন করাহয়েছে । ভারতবর্ষের কর্ণাটিক রাজ্যে প্রথম অষ্টদশ ভূজা মন্দির এবং উত্কলে এই মন্দির দ্বিতীয় স্থানে আছে । হিন্দু বিদ্বেষী কালাপাহাড়ের ভয়ে ধর্মান্তরিত হইয়া এখানে মুসলমান বস্তি কলাপাহাড় সাহি অষ্টাদশ ভূজা মন্দিরের সংলগ্ন হইয়া রয়েছে ।

স্বর্গত: বংশীধর রথ শর্মা প্রথমে অষ্টাদশভূজার মৃন্ময়ী বিগ্রহ তয়ারি করে স্বগৃহে আঠ বচ্ছর পর্য্যন্ত পূজা করিতেছিলেন্ । তত্পরে বাবাজী স্বর্গত: হরি গুলাম্ রামানুজ দাস মহারাজ ঐ বিগ্রহের দায়িত্ব নিয়ে ১৯১০ খ্রীষ্টাব্দে মায়ের মূর্ত্তি প্রতিষ্ঠা করাইয়াছেন্ বলি জানাযায় । বাবাজী মহারাজ ভারতের স্বাধীনতা আন্দোলনে সামিল হয়ে এখানে গোপনে সংগঠন করিয়া আন্দোলন চলাতে ছিলেন্ । ইংরেজ সরকার ঐ তথ্য জানতেই ১৯১৪ খ্রীষ্টাব্দে বাবাজী মহারাজকে নিয়ে নাসিক জেল্খানায় রেখেছিল । তিনি ভারতবর্ষের স্বাধীনতা প্রাপ্তির ভবিষ্যতবানী শুনাইয়া স্বাধীনতার ভাবী সময় জানাইয়া দিয়ে তিনি রেমুনা তে একটি টোলবাড়ি গঠন করেছিলেন্ । দেবীর সাম্নে যজ্ঞ করিতে করিতে ১৯২৯ খ্রীষ্টাব্দে শরীর ত্যাগ করেছিলেন্ । তিনি

বৈষ্ণব মার্গী হওয়ারপর ছতিআ মঠ থেকে হাতপা ধোয়ে জগন্নাথ, বলভদ্র এবং সুভদ্রা বিগ্রহ আনাইয়া পীঠাধীশ্বর শ্রী জগন্নাথ এবং পীঠাধীশ্বরী অষ্টদশ ভূজা দুর্গা মা"কে পূজা করিতেছিলেন্ । তাহার দেহান্তরে তদীয় মানসপুত্র ত্রিলোচন দাস এবং তারপরে তার স্ত্রী চন্দ্রমনী দাসী সেবাপূজা করিতেছিলেন্ । তিনি ১৯৯৪ খ্রীষ্টাব্দে ১০২ বচ্ছর বয়সে ইহলীলা সাঙ্গ করেন্ ।

১৯৮৬ খ্রীষ্টাব্দে ঐ মন্দিরের পরিচালনা নিমিত্ত একটি গ্রাম্য কমিটি মাধ্যমে ১৯৯১ খ্রী. থেকে সরকার ঐ মন্দিরের পরিচালনা জন্যে একটি ট্রষ্টবোর্ড় গঠন করেছিলেন্ ।

ঐ বৈষ্ণব পীঠে দেবীর মেঢ়মণ্ডপে একটি বিল্ব বৃক্ষের চিত্র আছে । মেঢ়ের সম্মুখে সিংহারুঢ়া মা" অষ্টাদশ ভুজা দুর্গা (মহালক্ষ্মী)র বিগ্রহ শোভায়মান আছে । রনোন্মত্তা, বিল্বপত্র আমার মন্দার পুষ্পে সুশোভিতা, রক্তবর্ণা, পীতবস্ত্র পরিধানা, বিবিধ ালংকার বিভূষিতা মা"দুর্গা অতিশয় মনোরমা সবার দৃষ্টি আকর্ষন করেন্ । দেবীর মেঢ়ে গনেষ, লক্ষ্মী, সরস্বতী, কার্ত্তিকেশ্বর এবং মহাদেবের বিগ্রহ বিরাজমান । ঐ মেঢ়ের সম্মুখে পূর্বদিকে কুটেশ্বর মহাদেবের মন্দির বিরাজমান । এখানে একাধারে বৈষ্ণব, শৈব এবং শাক্ত উপাসনার সমন্বয়ের উদাহরন স্বরূপ সত্ত্ব, রজ এবং তম প্রতীক হয়েছে । ঐ পীঠে দেবীর অষ্টাদশ আয়ুধ সমূহ ঐ রূপ যথা - রুদ্রক্ষমালা, পদ্ম, কমণ্ডলু, কালদণ্ড, তরবারী, পরশু, নাগফাশ, খড়গ, কবচ, পানপাত্র এবং নাগমনি । অষ্টাদশভূজা মহালক্ষ্মী সাক্ষাত্ বনদুর্গা হন্ তাই প্রতিবচ্ছর দুর্গাপূজার সময় দেবীর নবরাত্র পূজা হয় ।

শ্রীমদ্ ভাগবতে প্রমান আছে - যখন্ ভগবান শ্রীকৃষ্ণ ধরাবতরন করেন্ তখন্ তার হ্লাদিনী শক্তিরূপ শ্রী রাধারানীকে এবং তাহার মায়াশক্তি স্বরূপা শ্রীদুর্গা দেবীকে মর্ত্তে প্রকটকরাইয়াছিলেন্। অষ্টদশভূজা হৈলেন্ ব্রহ্মা বিষ্ণু এবং রুদ্র রূপা । তিনি সৃষ্টি, পালন এবং সংহার কর্ত্রী মাত্র বস্তুত্ব তিনি এক এবং অভিন্নরূপা ।

এখানে প্রতিবচ্ছর রজসংক্রান্তি দিনে ব্যাপক জনসমাগম হয় আর এখানকার পবিত্র উড়াযাত্র হয় । পীঠাদীশ্বর শ্রী জগন্নাথ দেবের কাচ্ছে বিষ্ণু মন্ত্রে ভোগ আর আরতী অর্পন করে ঐ প্রসাদকে দেবীর নিকট দুর্গা মন্ত্রে সমর্পন করাহয় । এই ক্ষেত্র বৈষ্ণব পীঠ তাই দেবীকে বৈষ্ণবী ভাবে নিত্য সেবাপূজা করাহয় । এখানে সকাম মার্গে দুর্গা উত্সব, শ্রীচণ্ডীপাঠ ইত্যাদি করাহয় । এখানে শ্রী জগন্নাথের প্রসাদ মায়ের কাছে অর্পন হইলে তাহা মহাপ্রসাদ হয় । বর্ত্তমান পৃথিবীর সংকটাপন্ন সময়ে ঐ শক্তিময়ী মা"র চরনে শরনাপন্ন হবা প্রত্যেক ভক্তের পরম কর্ত্তব্য ।

●●●

শ্রীশ্রী
ক্ষীরচোরা গোপীনাথ
ভজনমালা

লীলাময় গোপীনাথ